ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজশাহী-৬২০৪
E-mail: registrar@ruet.ac.bd Website: www.ruet.ac.bd

স্মারক নং- ৫০২০

তারিখঃ ৩০/০৪/২০২৫ খ্রিঃ.

## ১ম বর্ষ স্নাতক কোর্সে (শিক্ষাবর্ষ ২০২৪-২০২৫) ৪র্থ পর্যায়ে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) ১ম বর্ষ স্নাতক (শিক্ষাবর্ষ ২০২৪-২০২৫) কোর্সের ভর্তি পরীক্ষা (লিখিত) গত ২০/০২/২০২৫ খ্রিঃ অনুষ্ঠিত হয় এবং উক্ত পরীক্ষার ফলাফল মোতাবেক মেধানুসারে ১ম, ২য় ও ৩য় পর্যায়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হয়। তবে আসন খালি থাকায় নিম্নলিখিত সময়সূচী মোতাবেক ইতোপূর্বে প্রকাশিত ফলাফল অনুসারে মেধানুযায়ী (সারণি ১) ৪র্থ পর্যায়ে প্রার্থীদের ভর্তি করা হবে। তবে উল্লেখ্য যে, ৩য় পর্যায়ে ভর্তি শেষে বর্তমানে শুধুমাত্র নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ৪১ টি আসন খালি আছে।

ক) ৪র্থ পর্যায়ে ভর্তির জন্য বিবেচিত প্রার্থীদের স্ব-শরীরে নিরীক্ষা বোর্ডের নিকট উপস্থিত হওয়ার সময়সূচী:

| পর্যায় | প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | তারিখ, সময় ও স্থান | অবশ্য করণীয় |
|---|---|---|---|
| ৪র্থ (আসন খালি থাকা সাপেক্ষে উপস্থিত প্রার্থীদের মধ্যে মেধানুসারে) | মেধাক্রম ২৩০১-২৬৫০ (সারণি-১) | ০৬/০৫/২০২৫ খ্রিঃ মঙ্গলবার, সকাল ১০.০০ ঘটিকা হতে স্থানঃ রুয়েট গেষ্ট হাউজ | ১। ০৬/০৫/২০২৫ খ্রিঃ মঙ্গলবার, সকাল ১০.০০ ঘটিকা হতে সকাল ১১.০০ ঘটিকার মধ্যে প্রার্থীকে স্বশরীরে রুয়েট গেষ্ট হাউজ এর নিচ তলায় লবিতে অবশ্যই উপস্থিত হতে হবে। অন্যথায় প্রার্থী ভর্তির যোগ্যতা হারাবে।<br>২। প্রার্থীদের (খ) এ উল্লেখিত প্রয়োজনীয় সনদপত্রাদি অবশ্যই সংগে নিয়ে আসতে হবে। অন্যথায় প্রার্থী ভর্তির যোগ্যতা হারাবে।<br>৩। প্রার্থীদের নিরীক্ষা বোর্ডে ভর্তির সময়ই নির্ধারিত বুথে ভর্তি ফি ১৮৫০০/- (আঠারো হাজার পাঁচ শত টাকা মাত্র) পরিশোধ করতে হবে। অন্যথায় প্রার্থী ভর্তির যোগ্যতা হারাবে। |

খ) ভর্তির সময় প্রার্থীকে যে সমস্ত সনদপত্রাদি যাচাই-বাছাই কমিটির নিকট দাখিল করতে হবে

১। অনলাইনে পূরনকৃত প্রিন্টেড ভর্তি ফরমের কপি।
২। মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র।
৩। মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।
৪। শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড।
৫। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশিট এর মূলকপি।
৬। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার প্রশংসাপত্রের মূলকপি।
৭। সদ্য স্টুডিওতে তোলা (অনধিক ০৩ মাস) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়ন ব্যতিত)।
৮। স্বাক্ষর সম্বলিত রুয়েট এর লিখিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।

গ) স্বাস্থ্য পরীক্ষা:

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) এর স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ড ভর্তির জন্য বিবেচিত সকল প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। স্বাস্থ্য পরীক্ষায় যদি হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অথবা পেশাগত কার্য নির্বাহ প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতীয়মান হয়, তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে গণ্য করা হবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির দিনে কোন প্রতিষ্ঠিত ডায়াগনষ্টিক সেন্টার থেকে "Blood Group Test" এর রিপোর্ট নিয়ে আসতে হবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত চিকিৎসা বোর্ডের নিকট জমা দিতে হবে। প্রয়োজনবোধে চিকিৎসা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় মেডিকেল টেষ্ট রিপোর্ট যথাসময়ে দাখিল করতে হবে এবং সংশ্লিষ্ট চিকিৎসা বোর্ডের নির্দেশনা মোতাবেক জমা দিতে হবে। মেডিকেল টেষ্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে আনতে হবে। ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admission.ruet.ac.bd/) থেকে স্বাস্থ্য পরীক্ষার জন্য নির্ধারিত ফরম ডাউনলোড করা যেতে পারে।

ঘ) ভর্তি সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী:

- প্রার্থী ভর্তির নির্ধারিত দিনে ও সময়ে উপস্থিত না হলে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রী নিজে উপস্থিত থেকে ভর্তি বাতিলের আবেদন করতে পারবে। অভিভাবক বা অন্য কারো মাধ্যমে ভর্তি বাতিলের সুযোগ নেই।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর প্রদত্ত কোন তথ্য পরবর্তীতে ভুল প্রমাণিত হলে ভর্তি এবং ছাত্রত্ব বাতিল হবে।
- ৪র্থ পর্যায়ে ভর্তির পর ভর্তিকৃত প্রার্থীর প্রাপ্ত বিভাগ ও মোট শূন্য আসন সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং তদনুযায়ী পরবর্তী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা ০৬/০৫/২০২৫ খ্রি. এর মধ্যে ভর্তি পরীক্ষার ওয়েব সাইটে (https://admission.ruet.ac.bd/) দেয়া হবে।
- আসন খালি থাকা সাপেক্ষে ওরিয়েন্টশনের দিন পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলমান থাকবে। ভর্তি বাতিলজনিত কারনে কোন আসন শূন্য হলে প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে Auto Migration চলবে। তবে আবেদন করে Auto Migration বন্ধ করা যাবে। উল্লেখ্য যে, একবার Auto Migration বন্ধ করলে তা আর চালু করা যাবে না।
- প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে সর্বশেষ Auto Migration সম্পন্ন হওয়ার পর প্রাপ্ত বিভাগেই ক্লাস শুরু করতে হবে।
- ভর্তিকৃত কোন প্রার্থীর ভর্তি বাতিল করতে হলে ভর্তি বাতিলের নিয়মাবলী মেনে ওরিয়েন্টেশনের পূর্ব পর্যন্ত ভর্তি বাতিল করতে পারবে। ক্লাস শুরুর পর ভর্তি বাতিল করতে হলে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী বাতিল করতে হবে।
- অনিবার্য কারণবশতঃ ভর্তির তারিখ পরিবর্তন করা হলে, তা ভর্তি পরীক্ষার ওয়েবসাইট এর মাধ্যমে প্রকাশ করা হবে।
- ভর্তি সংক্রান্ত বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

গুরুত্বপূর্ণ তারিখসমূহ

| | | |
|---|---|---|
| ১। | মেধা তালিকা থেকে ৪র্থ পর্যায়ে ভর্তি | ০৬/০৫/২০২৫ খ্রি. |
| ২। | ৪র্থ পর্যায়ে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রাপ্ত বিভাগ প্রকাশ | ০৬/০৫/২০২৫ খ্রি. |
| ৩। | আসন খালি থাকা স্বাপেক্ষে পরবর্তী ভর্তির নোটিস প্রকাশ | ০৬/০৫/২০২৫ খ্রি. |
| ৪। | আসন খালি থাকা স্বাপেক্ষে পরবর্তী ভতির তারিখ | ০৮/০৫/২০২৫ খ্রি. |
| ৫। | ওরিয়েন্টশন | ১০/০৫/২০২৫ খ্রি. |
| ৬। | ক্লাশ শুরু (১ম বর্ষ স্নাতক ২০২৪-২৫ সেশন) | ১২/০৫/২০২৫ খ্রি. |

(অধ্যাপক ড. মোঃ রবিউল ইসলাম)
সভাপতি
১ম বর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা কমিটি (শিক্ষাবর্ষঃ ২০২৪-২০২৫)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:
১. মাননীয় ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়।
২. সকল সদস্য, ১ম বর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা কমিটি (শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫)।
৩. পরিচালক, আইসিটি সেল, রুয়েট। (বিজ্ঞপ্তিটি ভর্তি পরীক্ষা সংক্রান্ত ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৪. উপ-পরিচালক (জনসংযোগ), প্রেস এন্ড পাবলিকেশন, রুয়েট (ফলাফল বিভিন্ন মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫. সংরক্ষন নথি।

৩০.০৪.২০২৫

(আরিফ আহম্মদ চৌধুরী)
সদস্য-সচিব
১ম বর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা কমিটি (শিক্ষাবর্ষঃ ২০২৪-২৫)
ও
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজশাহী - ৬২০৪, বাংলাদেশ।
(টেলিফোন: +৮৮-০২৫৮৮৮-৬৬৭৯৮, ফ্যাক্স:+৮৮-০২৫৮৮৮-৬৭১০৫)
E-mail: registrar@ruet.ac.bd website: www.ruet.ac.bd

স্মারক নং- ৫০২১

তারিখ: ১৭ বৈশাখ, ১৪৩২ / ৩০ এপ্রিল, ২০২৫

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ভর্তি পরীক্ষায় ভর্তিচ্ছু নিম্নবর্ণিত প্রার্থীদের প্রাপ্ত বিভাগের তালিকা প্রকাশ করা হলো। নিম্নলিখিত ভর্তিচ্ছু প্রার্থীদেরকে আগামী ০৫/০৫/২০২৫ খ্রি. মধ্যে সনদপত্র (যারা এখনও জমা দেয়নি) এবং ভর্তি ফি (ব্যাংক চলাকালীন সময়ে) প্রদানকরত: ভর্তি নিশ্চিতকরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় সংশ্লিষ্ট প্রার্থী ভর্তির যোগ্যতা হারাবে।

| মেধাক্রম | ভর্তি পরীক্ষার রোল নং | প্রাপ্ত বিভাগ |
|---|---|---|
| ১৭৩ | ৫০০০৪৮ | স্থাপত্য বিভাগ |
| ১৭৫ | ৫০০৫৬৫ | |
| ১৭৭ | ৫০০০৪৪ | |
| ১৮১ | ৫০০১৬৩ | |

গত ৩০/০৪/২০২৫ খ্রি. অনুষ্ঠিত ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক ১ম বর্ষ ভর্তি পরীক্ষা কমিটি'র (স্টিয়ারিং কমিটি) ১৪তম সভায় গৃহীত সিদ্ধান্ত নং- ০৪ মোতাবেক এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

বি.দ্র.: আসন ফাঁকা থাকা সাপেক্ষে অপেক্ষমাণ তালিকা (৩য় পর্যায়ে ভর্তির পর প্রকাশিত) থেকে পরবর্তীতে মেধাক্রম অনুসারে ফাঁকা আসন পূরণ করা হবে।

(প্রফেসর ড. মো. রবিউল ইসলাম)
সভাপতি, ১ম বর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫ কমিটি
ও
ডিন, তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদ
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ৫০২১/৩০

তারিখ: ১৭ বৈশাখ, ১৪৩২ / ৩০ এপ্রিল, ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান:

১। সকল ডিন/ইন্সটিটিউট পরিচালক/বিভাগীয় প্রধান, রুয়েট।
২। প্রশাসক, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, রুয়েট (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৩। সংরক্ষণ নথি।
৪। নথি।

(আরিফ আহম্মদ চৌধুরী)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ও
সদস্য-সচিব, ১ম বর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫ কমিটি
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
মোবাইল নম্বর: ০১৭১১৪০৩৯৮৭

ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজশাহী - ৬২০৪, বাংলাদেশ।
(টেলিফোন: +৮৮-০২৫৮৮৮-৬৬৭৯৮, ফ্যাক্স-:+৮৮-০২৫৮৮৮-৬৭১০৫)
E-mail: registrar@ruet.ac.bd website: www.ruet.ac.bd

স্মারক নং- ৫০১৯

তারিখ: ১৭ বৈশাখ, ১৪৩২ / ৩০ এপ্রিল, ২০২৫

# বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ভর্তি পরীক্ষায় নিম্নবর্ণিত উপজাতি (Tribal) প্রার্থীদের স্মারক নং- ৪৮৫১, তারিখ: ২৩/০৪/২০২৫ খ্রি. এর বিজ্ঞপ্তি মোতাবেক ভর্তি ফি প্রদান করায় তাঁদের ভর্তি পরীক্ষার রোলের পার্শ্বে উল্লেখিত বিভাগে ভর্তি করা হলো।

| মেধাক্রম | ভর্তি পরীক্ষার রোল নং | প্রাপ্ত বিভাগ | সংরক্ষিত আসন |
|---|---|---|---|
| ৩৯৯১ | ৪০১২২২ | ME | পার্বত্য জেলাসমূহ ও অন্যান্য এলাকার উপজাতি/ ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠী |
| ৪৪৭৫ | ৪০৩১০৪ | MTE | |
| ৪৭৫৩ | ৪০৪৩৭২ | ETE | |
| ৪৯৩১ | ৪০১৪০০ | ChE | বান্দরবান জেলার অধিবাসী |

(প্রফেসর ড. মো. রবিউল ইসলাম)
সভাপতি, ১ম বর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫ কমিটি
ও
ডিন, তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদ
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ৫০১৯/৩০

তারিখ: ১৭ বৈশাখ, ১৪৩২ / ৩০ এপ্রিল, ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান:

১। সকল ডিন/ইন্সটিটিউট পরিচালক/বিভাগীয় প্রধান, রুয়েট।
২। প্রশাসক, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, রুয়েট (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৩। সংরক্ষণ নথি।
৪। নথি।

৩০.০৪.২০২৫
(আরিফ আহম্মদ চৌধুরী)
রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত)
ও
সদস্য-সচিব, ১ম বর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫ কমিটি
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
মোবাইল নম্বর: ০১৭১১৪০৩৯৮৭